




প্রত্নসম্পদ ও সংরক্ষণ শাখা
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

প্রত্নতত্ত্ব অধিদপ্তর কর্তৃক সংরক্ষিত ঘোষিত পুরাকীর্তির তালিকা

জেলার নাম: পিরোজপুর

সংরক্ষিত ঘোষিত পুরাকীর্তির সংখ্যা: ০৫ টি (ডিসেম্বর ২০২৩ পর্যন্ত)

ক্রম	প্রস্তরস্থল / পুরাকীর্তি	আলোকচিত্র	অবস্থান	জিও কো- অর্ডিনেট	প্রজ্ঞাপন/গেজেট	সংক্ষিপ্ত বর্ণনা
১	২	৩	৪	৫	৬	৭
১.	মমিন মসজিদ		মঠবাড়িয়া ইউনিয়ন: ধানীসাফা গ্রাম: উদয়তারা বুড়ির চর	২২°২২'৫৯.১" উ. ৮৯°৫৬'৩৪.৩" পূ.	বাংলাদেশ গেজেট ০১ মে, ২০০৩	মমিন উদ্দিন আকন ১৯১২ - ১৯২০ খ্রিস্টাব্দে এ মসজিদ নির্মাণ করেন। সম্পূর্ণ কাঠের কারুকাজে নির্মিত এ মসজিদটিতে সিমেন্টের পাকা মেঝে এবং টিনের চৌ-চালা রয়েছে। আয়তাকার মসজিদটির দৈর্ঘ্য ৩.৫৫ মিটার ও প্রস্থ ১.৪৭ মিটার। মসজিদটির শিল্পকর্মে ইন্দো-ফারসিক, ইউরোপীয় স্থাপত্যিক শিল্প এবং স্থপতির নিজের মৌলিক উৎকর্ষের সংমিশ্রণ সুন্দরভাবে ফুটে উঠেছে।
২.	জোমাদ্দার বাড়ি শাহী জামে মসজিদ		কাউখালী গ্রাম: কেউন্দিয়া	২২°৩৭'৫৮.৭" উ. ৯০°০৫'১৪.৪" পূ.	বাংলাদেশ গেজেট ৩১ আগস্ট, ২০১৭	মসজিদটি একগম্বুজবিশিষ্ট ও বর্গাকার ভূমি পরিকল্পনায় নির্মিত। এ মসজিদটির দেয়াল ৪৮ সে.মি. পুরু। দেয়াল ব্যতীত মসজিদের দৈর্ঘ্য ২.৬৫ মিটার। মসজিদের অভ্যন্তরে পশ্চিম দেয়ালে ১টি মিহরাব রয়েছে। মিহরাবের প্রবেশমুখে গোথিক খিলান নকশার প্রতিফলন দেখা যায়। জনশ্রুতি অনুযায়ী, মুঘল আমলে কালু খাঁ নামক জনৈক জমিদার তাঁর নিজ বসত বাড়িতে এ প্রাচীন মসজিদটি নির্মাণ করেন।
৩.	মিয়া বাড়ি সংলগ্ন ঐতিহাসিক মসজিদ		ভাঙ্গারিয়া গ্রাম: ভাঙ্গারিয়া	২২°২৯'১৮.৪" উ. ৯০°০৪'৫৫.৬" পূ.	বাংলাদেশ গেজেট ২৮ নভেম্বর ২০১৯	মোগল আমলে (আনুমানিক খ্রিস্টীয় ১৭-১৮ শতকে) ভেলাই চোপদার নামক একজন সাধক ভাঙ্গারিয়া মিয়া বাড়ি সংলগ্ন ঐতিহাসিক মসজিদটি নির্মাণ করেন। মসজিদটি বর্গাকার ভূমি পরিকল্পনা চুন সুরকির মর্টার ও ইট দ্বারা নির্মিত। একগম্বুজবিশিষ্ট মসজিদটির চারকোণে ৪টি টারেট রয়েছে। পূর্ব দেয়ালে রয়েছে মসজিদটির ১টি মাত্র প্রবেশপথ। মসজিদটির দৈর্ঘ্য ৪.৭০ মিটার এবং প্রস্থ ৪.৭০ মিটার।

ক্রম	প্রস্তরস্থল / পুরাকীর্তি	আলোকচিত্র	অবস্থান	জিও কো- অর্ডিনেট	প্রজ্ঞাপন/গেজেট	সংক্ষিপ্ত বর্ণনা
১	২	৩	৪	৫	৬	৭
৪.	কাজী বাড়ী সংলগ্ন ঐতিহাসিক মসজিদ		ভাঙ্গারিয়া	২২°২৯'১৮.৪" উ. ৯০°০৪'৫৫.৬" পূ.	বাংলাদেশ গেজেট ১২ মার্চ, ২০২০	ঐতিহাসিক মসজিদটি বর্গাকার ভূমি পরিকল্পনায় চুন-সুরকির মর্টার ও ইট দ্বারা নির্মিত। মসজিদটির দেয়ালে বিভিন্ন জ্যামিতিক প্যানেল তৈরি করে তার ভেতর জ্যামিতিক লতাপাতার নকশা রয়েছে। ঐতিহাসিক মসজিদটি স্থাপত্যিক ও প্রত্নতাত্ত্বিক গুরুত্ব বিশ্লেষণে মসজিদটি মোগল আমলের শেষ দিকে নির্মিত বলে ধারণা করা হয়।
৫.	শেখ ভেলাই মসজিদ		ভাঙ্গারিয়া	-	বাংলাদেশ গেজেট ১২ মার্চ, ২০২০	মসজিদটি বর্গাকার ভূমি পরিকল্পনায় চুন-সুরকির মর্টার ও ইট দ্বারা নির্মিত একই স্থাপত্য রীতিতে একগম্বুজ বিশিষ্ট মসজিদ। মসজিদটি স্থাপত্যিক ও প্রত্নতাত্ত্বিক গুরুত্ব বিশ্লেষণ করে মসজিদটি মোগল আমলের শেষ দিকে নির্মিত বলে ধারণা করা হয়। মসজিদটি আনুমানিক সপ্তদশ থেকে অষ্টাদশ শতাব্দীতে নির্মিত বলে অনুমিত হয়।